মডেল টেস্ট-০২

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১. কুমার সিদ্ধার্থের জন্মের সাত দিনের মাথায় তাঁর মাতা মারা যান। এরপর তাঁকে যিনি পালন করেন তাঁর নাম কী?
ক. সুজাতা খ. পূর্ণিকা
গ. গৌতমী ঘ. মহামায়া

২. রাজা শুদ্ধোদন পুত্রকে বিয়ে করানোর সিদ্ধান্ত নিলেন কেন?
ক. সংসারের প্রতি আকৃষ্ট করতে
খ. রানির কথা পালন করতে
গ. প্রজাদের অনুরোধ রক্ষার্থে
ঘ. জীবের প্রতি মমতা জাগাতে

৩. সিদ্ধার্থ যে উদ্দেশ্যে তার রাজপ্রাসাদ ত্যাগ করেন—
ক. রাজ্যের মানুষের খোঁজ খবর করার জন্য
খ. মানুষকে বুদ্ধ সম্পর্কে বলার জন্য
গ. সকল রকম সুখ থেকে মুক্ত থাকার জন্য
ঘ. প্রাসাদের বাইরে মুক্ত জীবন যাপনের জন্য

৪. তুমি প্রতিদিন ভোরে কিছু খাবার ছোট প্রাণী ও কীটপতঙ্গের নামে বিতরণ কর, এতে তুমি যা করছ—
ক. সম্যক বাক্য খ. সম্যক কর্ম
গ. সম্যক ব্যায়াম ঘ. সম্যক স্মৃতি

৫. সমাজের প্রতি দায়িত্ব পালনে করণীয় কোনটি?
ক. বিভিন্ন দেশ ভ্রমণ করা
খ. নিয়মিত বিদ্যালয়ে যাওয়া
গ. পারিবারিক কাজে অংশগ্রহণ করা
ঘ. বিভিন্ন আচার অনুষ্ঠান ও উৎসবে যোগদান করা

৬. তোমাদের বাড়িতে একজন শিক্ষাগুরুকে রেখেছেন তোমার বাবা। তিনি তোমাকে কীভাবে শিক্ষা দেবেন?
ক. কৃপণভাবে খ. অকৃপণভাবে
গ. রাগান্বিতভাবে ঘ. মন্দভাবে

৭. বৌদ্ধ পূর্ণিমার ছুটিতে রাস্তায় শিক্ষকের সাথে দেখা হলে তুমি প্রথমে কী করবে?
ক. শারীরিক অবস্থা জানবো
খ. অভিবাদন জানাবো
গ. দৌড়ে পালাবো
ঘ. তার সাথে কথা বলবো

৮. শ্রদ্ধাভাজন ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা দেখালে তোমার কোন গুণের বিকাশ হবে?
ক. আচরণিক খ. মানবিক
গ. সামাজিক ঘ. আধ্যাত্মিক

৯. তোমার পাশের গ্রামে ঘূর্ণিঝড় হয়েছে। তুমি কী করবে?
ক. সমবেদনা জানাবো
খ. সাধ্যমত সাহায্য করবো
গ. অন্যকে সাহায্য করতে বলবো
ঘ. নিরাপদে নিজের ঘরে থাকবো

১০. ঘনসারপ্প দিত্তেন দীপেন তমধংসিনা, তিলোক দীপং সম্বুদ্ধং পূজযামি তমোনুদং- উক্ত গাথাটি কোন পূজায় উচ্চারণ করবে?
ক. পুষ্প খ. আহার
গ. প্রদীপ ঘ. অগ্নি

১১. তুমি অনিত্য ভাবনা, জীবন গড়া ও ক্ষণস্থায়ী জীবনের কথা চিন্তা করতে কী করবে?
ক. প্রদীপ পূজা খ. পুষ্প পূজা
গ. ধূপপূজা ঘ. আহার পূজা

১২. দানের ফলে আমাদের কোন শক্তি বৃদ্ধি পায়?
ক. মেধাশক্তি খ. ত্যাগ শক্তি
গ. শারীরিক শক্তি ঘ. আধ্যাত্মিক শক্তি

১৩. তোমার বাড়ির পোষা ময়নাটি পানির তৃষ্ণায় ডাকছে। তুমি টেলিভিশন দেখছ। তুমি কী করবে?
ক. আমি মাকে জানাবো
খ. আমি ময়নাটিকে পানি দেবো
গ. আমি কিছু করবো না
ঘ. আমি ময়নার কাছে গিয়ে কথা বলবো

১৪. ভিক্ষু হবার প্রাথমিক স্তরে উপনীত হলে কমপক্ষে কত দিন তোমাকে এ স্তরে থাকতে হবে?
ক. ৭ দিন খ. ৮ দিন
গ. ৯ দিন ঘ. ১০ দিন

১৫. আমাদের শীল পালনের উদ্দেশ্য কী?
ক. আত্মতৃপ্তি লাভ করা
খ. স্বাবলম্বী হওয়া
গ. আমাদের চারিত্রিক উন্নয়ন
ঘ. আমাদের আচরণের উন্নয়ন

১৬. শীল মানবজীবনের সর্বশ্রেষ্ঠ অলংকার কেন?
ক. বিদ্যা অর্জনের জন্য খ. চরিত্র গঠনের জন্য
গ. সম্পদ লাভের জন্য ঘ. সফল হওয়ার জন্য

১৭. তোমার কিছু বন্ধু সর্বদা মিথ্যা কথা বলে। এ ক্ষেত্রে তুমি কী করবে?
ক. নিষেধ করবো
খ. শিক্ষককে জানাবো
গ. কর্মফল সম্পর্কে জানাবো
ঘ. তাকে বকবো

১৮. তুমি প্রব্রজ্যা গ্রহণের মাধ্যমে কী লাভ করবে?
ক. পারিবারিক শান্তি খ. নিত্যকর্ম
গ. পঞ্চশীল পালন ঘ. সুষ্ঠু ধর্মীয় জীবন

Teachingbd.com

১৯. তুমি এমন একখানি গ্রন্থ পাঠ করেছ যার অর্থ অতিরিক্ত বা অধিকতর ধর্ম। তুমি কোন গ্রন্থ পাঠ করেছ?
ক. বিনয় পিটক খ. সূত্র পিটক
গ. দীর্ঘ নিকায় ঘ. অভিধর্ম পিটক

২০. তোমরা যে ধর্মের অনুসারী তার প্রবর্তন করেন কে?
ক. আনন্দ খ. গৌতম বুদ্ধ
গ. মৌদ্‌গল্যায়ন ঘ. অনুরুদ্ধ

২১. তুমি সুখকর জীবন ও দীর্ঘায়ু লাভ করতে চাও। তুমি কোন কর্ম পালন করবে?
ক. কুশল কর্ম
খ. অকুশল কর্ম
গ. অসৎ কর্ম
ঘ. খারাপ কর্ম

২২. ভালো আচরণ করলে তুমি কী লাভ করবে?
ক. জ্ঞানী হবে
খ. জীবনকে উপভোগ করবে
গ. ধার্মিক হবে
ঘ. সুখী এবং সমৃদ্ধ জীবন পাবে

২৩. অকুশল কর্মের ফলে তোমার পরিণতি কী হবে?
ক. লোকে খারাপ বলবে
খ. তুমি সম্মান হারাবে
গ. তোমার অমঙ্গল হবে
ঘ. তোমার দুঃখপ্রাপ্তি হবে

২৪. দিনা তার ছোট ভাইকে মারল। তার এ কাজটি কী কর্ম?
ক. অকুশল কর্ম খ. কুশল কর্ম
গ. ভালো কর্ম ঘ. উৎকৃষ্ট কর্ম

২৫. ভগবান বুদ্ধ সারনাথে আষাঢ়ী পূর্ণিমায় ধর্মচক্র প্রবর্তন করেন। এ সময় কারা ভিক্ষুধর্মে দীক্ষা নেন?
ক. অনুরুদ্ধ খ. আনন্দ
গ. পূর্ণিকা ঘ. পঞ্চবর্গীয় শিষ্য

২৬. তুমি শ্রাবকশিষ্য হতে চাও। তাহলে তোমার কোন যোগ্যতা থাকতে হবে?
ক. নবীন ও ধনী হতে হবে
খ. প্রবীণ ও রাজা হতে হবে
গ. প্রবীণ ও মার্গফল লাভী হতে হবে
ঘ. নবীন ও মার্গফল লাভী হতে হবে

২৭. জাতক পাঠের শিক্ষা হিসেবে তুমি কোনটি জানবে?
ক. ভগবান বুদ্ধের গুণাবলি অর্জন করা যায়
খ. পরিপূর্ণ জীবন গঠন করা যায়
গ. নিয়মানুবর্তী হওয়া যায়
ঘ. ধনী হওয়া যায়

২৮. তোমার জাতক কাহিনী অনেক পছন্দ। বৌদ্ধ সাহিত্যে তুমি কতটি জাতক সম্পর্কে জেনেছ?
ক. ৬০০টি খ. ৫৫০টি
গ. ৫০০টি ঘ. ৪৫০টি

২৯. শুভ কাজের কোন কালাকাল নেই– উপদেশটি তুমি কোন জাতক থেকে জানবে?
ক. কূটবাণিজ্য জাতক খ. নক্ষত্র জাতক
গ. কালকর্ণী জাতক ঘ. মহাধর্মপাল জাতক

৩০. যদি পাহাড়পুর স্থানটি সংরক্ষণ না করা হয় তাহলে–
ক. উপার্জিত টাকার পরিমাণ কমে যাবে
খ. বৌদ্ধ বিহারের সৌন্দর্য কমে যাবে
গ. রাজা ধর্মপালের নাম সবাই ভুলে যাবে
ঘ. বৌদ্ধগণ পাহাড়পুরের গুরুত্ব ভুলে যাবে

৩১. তুমি বৌদ্ধ ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছ। এটা কী ধরনের কর্ম?
ক. পুণ্যকর্ম খ. নিকৃষ্ট কর্ম
গ. অসৎ কর্ম ঘ. মন্দ কর্ম

৩২. বৈশালী ভারতের বিহার রাজ্যের মোজাফ্‌ফরপুর জেলায় অবস্থিত। বৈশালী কাদের বড় তীর্থস্থান?
ক. মুসলমানদের খ. খ্রিষ্টানদের
গ. জৈনদের ঘ. বৌদ্ধদের

৩৩. তুমি বিহারে গিয়ে এমন একটি দানোৎসব দেখতে পেলে, যা বছরে একবার একটি বিহারে অনুষ্ঠিত হয়। বিহারে কোন উৎসব অনুষ্ঠিত হচ্ছে?
ক. কঠিন চীবর দান খ. সংঘদান
গ. বর্ষাবাস ঘ. প্রবারণা

৩৪. তুমি বছরের কেবলমাত্র একটি দিনে একই বিহারে দান সম্পন্ন কর। এই দান কোনটি?
ক. সংঘদান খ. অষ্টপরিষ্কার দান
গ. কঠিন চীবর দান
ঘ. সে আনন্দ উপভোগ করবে

৩৫. তোমার বাবা এক ধর্মীয় অনুষ্ঠানে কয়েকজন ভিক্ষুকে নিমন্ত্রণ করেন। খাবার পরিবেশনের সময় তুমি কী করবে?
ক. খাবার টেবিলে বসতে বলবে
খ. তুমি তাদের আগে খাবে
গ. যত্নসহকারে খাবার পরিবেশন করবে
ঘ. তাদের খাবার দিয়ে তুমি বন্ধুদের সাথে খাবে

৩৬. তোমার দাদু ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে প্রাণ দিয়েছেন। কারণ তিনি ছিলেন–
ক. একজন নাট্যকার খ. একজন শিক্ষক
গ. একজন দেশপ্রেমিক ঘ. একজন সেবক

৩৭. তুমি ধর্মীয় অনুশাসন মেনে চলো। এতে সমাজের কী উপকার হবে?
ক. সমাজে সুখ-শান্তি থাকবে
খ. সমাজে অশান্তি সৃষ্টি হবে
গ. সমাজে দুর্নীতি সৃষ্টি হবে
ঘ. সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি হবে

৩৮. আত্মমর্যাদা যেকোনো ব্যক্তি ও জাতির জন্য মর্যাদা ও সম্মান নিয়ে আসে। আত্মমর্যাদার গুণাবলি কোনটি?
ক. মিথ্যা বলা খ. স্বদেশপ্রেম
গ. চুরি করা ঘ. নির্দয় হওয়া

TeachingBD.com

৩৯. জীবক পালি ভাষা গবেষণা করতে চায়। এ ভাষা কোন ভাষা থেকে উৎপত্তি লাভ করেছে?
ক. ইংরেজি	খ. হিন্দি
গ. মাগধী নিরুক্তি	ঘ. জাপানি

৪০. তোমার পালি ভাষা শেখার অনেক ইচ্ছা। এজন্য তুমি এ ভাষার কয়টি অক্ষর শিখবে?
ক. ৪১টি	খ. ৪২টি
গ. ৪৩টি	ঘ. ৪৪টি

৪১. সিদ্ধার্থ গৌতমের মামাতো ভাইয়ের নাম কী ছিল?
ক. আনন্দ	খ. সোমানন্দ
গ. ব্রহ্মদত্ত	ঘ. দেবদত্ত

৪২. শিক্ষাগুরুকে কী বলা হয়?
ক. সমাজপতি	খ. ধর্মপতি
গ. সেনাপতি	ঘ. জ্ঞানদাতা

৪৩. প্রদীপের আলো——
ক. চিরস্থায়ী	খ. অর্ধস্থায়ী
গ. উর্ধ্বস্থায়ী	ঘ. ক্ষণস্থায়ী

৪৪. ব্রাহ্মণের ছেলে কোথায় গিয়ে বিদ্যাশিক্ষা করত?
ক. তক্ষশিলা	খ. বিক্রমশীলা
গ. পাহাড়পুর	ঘ. শ্রাবস্তী

৪৫. বুদ্ধ সর্বপ্রথম কোথায় অভিধর্ম দেশনা করেন?
ক. তাবতিংস স্বর্গে
খ. বার্মা
গ. সারনাথে
ঘ. শ্রীলংকায়

৪৬. কোনটি দুঃখের ভোগান্তি?
ক. স্বর্গ	খ. নরক
গ. দেবলোক	ঘ. ব্রহ্মলোক

৪৭. অনুরুদ্ধ স্থবিরের পিতার নাম কী ছিল?
ক. শুদ্ধোদন	খ. ধৌতদন
গ. অমিতোদন	ঘ. শুক্লদন

৪৮. ধর্মপাল কুমার কোথায় বিদ্যাশিক্ষার জন্য গমন করেন?
ক. তক্ষশিলা
খ. বিক্রমশীলা
গ. নালন্দা
ঘ. ময়নামতি

৪৯. মহাউপাসিকা বিশাখা কোন বিহার নির্মাণ করেন?
ক. পূর্বারাম	খ. জেতবন
গ. সোমপুর	ঘ. বুদ্ধগয়া

৫০. কিসের বলে ভব সাগর উত্তীর্ণ হওয়া যায়?
ক. জন বলে	খ. শ্রদ্ধার বলে
গ. মনো বলে	ঘ. পূজার বলে

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :
(১৫টি প্রশ্ন থাকবে প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক।) ১×১৫ = ১৫
ক. সাধনার জন্য তুমি কোন পন্থা অবলম্বন করবে?
খ. সহানুভূতিশলি মনোভাব সৃষ্টির জন্য তুমি কী করবে?
গ. তুমি প্রকৃত দান কীভাবে করবে?
ঘ. তোমাকে কেউ খারাপ কাজে প্রলুব্ধ করলে তুমি কী করবে?
ঙ. ন্যায়তন্ত্র বলতে কী বোঝায়?
চ. তুমি কোন কাজ করলে সবাই নিন্দা করবে?
ছ. তোমার বাবা অষ্টপরিস্কার দান করতে চাইলে কমপক্ষে কতজন ভিক্ষুকে নিমন্ত্রণ করবেন?
জ. তোমাদের ধর্মীয় সাহিত্যে জাতকের সংখ্যা কয়টি?
ঝ. তোমাদের প্রধান তীর্থস্থানগুলোর একটির নাম লেখ।
ঞ. কঠিন চীবর দানোৎসবে কখন সংঘদান করা হয়?
ট. বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে গৌরবোজ্জল অধ্যায় কোনটি?
ঠ. পালি কোন রাষ্ট্রের রাষ্ট্রভাষা ছিল?
ড. ত্রিরত্ন বন্দনা কাকে বলে?
ঢ. বৌদ্ধধর্ম কী?
ণ. রাজা বিম্বিসার কার কন্যাকে বিয়ে করেন?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও : ৫×৭ = ৩৫
ক. তোমার ধর্মের প্রবর্তক কত বছর ধর্মবাণী প্রচার করেন? তোমাদের পবিত্র ধর্ম গ্রন্থের নাম কী? এ সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫
খ. আমরা কীভাবে পৃথিবীকে স্বর্গে পরিণত করতে পারি? কবি স্বর্গ নরক সম্পর্কে কী বলেছেন? বুদ্ধ চেতনাকে কর্ম বলেছেন কেন? বুঝিয়ে লেখ। ২+১+২=৫
গ. আনন্দস্থবিরের জীবন সম্পর্কে তিনটি বাক্য লেখ। আনন্দস্থবিরের জীবন থেকে তুমি কী শিক্ষা পেয়েছ তা দুইটি বাক্যে লেখ। ৩+২=৫
ঘ. জাতক পাঠে তুমি কী শিক্ষা পেয়েছো, তা পাঁচটি বাক্যে লেখ। ৫
ঙ. বৌদ্ধ ধর্মে এমন একটি কাজ আছে যাতে দুঃখ খণ্ডন হয় এবং পুণ্য সঞ্চয় হয়। কাজটি কী? উক্ত কাজের সুফল চারটি বাক্যে লেখ। ১+৪=৫
চ. তোমাদের বাড়ির পাশের বিহারে এমন কোন দান উৎসবের হচ্ছে যা প্রতিটি বিহারে বছরে একবারই আয়োজন করা হয়? ঐ উৎসবে কমপক্ষে কতজন ভিক্ষুকে নিমন্ত্রণ করতে হয়? কঠিন চীবর দান সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫
ছ. সদ্, সুন্দর এবং সম্যকভাবে জীবনযাপনের এক অঙ্গীকার হলো ধর্ম। উক্ত কথাটি কে বলেছেন? বৌদ্ধধর্মে কয়টি সম্যক পথের কথা স্বীকৃতি পেয়েছে? ছয়টি সম্যক পথের নাম লেখ। ১+১+৩=৫
জ. তোমরা জানো ত্রিপিটক পালি ভাষায় রচিত। পালি কোন ভাষার অন্তর্গত? পালি ভাষার বৈশিষ্ট্য তুলে ধর। ১+৪=৫
ঝ. দান শব্দের অর্থ কী? দান করলে কী হয়? এ সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫
ঞ. শীল শব্দের অর্থ কী? শীল কাকে বলে? শ্রামণ্য শীল সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫

Teachingbd.com

উত্তরমালা

১. ১. গ. গৌতমী; ২. ক. সংসারের প্রতি আকৃষ্ট করতে; ৩. গ. সকল রকম সুখ থেকে মুক্ত থাকার জন্য; ৪. খ. সম্যক কর্ম; ৫. ঘ. বিভিন্ন আচার অনুষ্ঠান ও উৎসবে যোগদান করা; ৬. খ. অকৃপণভাবে; ৭. খ. অভিবাদন জানাবো; ৮. খ. মানবিক; ৯. খ. সাধ্যমত সাহায্য করবো; ১০. গ. প্রদীপ; ১১. ক. প্রদীপ পূজা; ১২. খ. ত্যাগ শক্তি; ১৩. খ. আমি ময়নাটিকে পানি দেবো; ১৪. ক. ৭ দিন; ১৫. গ. আমাদের চারিত্রিক উন্নয়ন; ১৬. খ. চরিত্র গঠনের জন্য; ১৭. গ. কর্মফল সম্পর্কে জানাবো; ১৮. ঘ. সুষ্ঠু ধর্মীয় জীবন; ১৯. ঘ. অভিধর্ম পিটক; ২০. খ. গৌতম বুদ্ধ; ২১. ক. কুশল কর্ম; ২২. ঘ. সুখী এবং সমৃদ্ধ জীবন পাবে; ২৩. ঘ. তোমার দুঃখপ্রাপ্তি হবে; ২৪. ক. অকুশল কর্ম; ২৫. ঘ. পঞ্চবর্গীয় শিষ্য; ২৬. গ. প্রবীণ ও মার্গফল লাভী হতে হবে; ২৭. খ. পরিপূর্ণ জীবন গঠন করা যায়; ২৮. খ. ৫৫০টি; ২৯. খ. নক্ষত্র জাতক; ৩০. ঘ. বৌদ্ধগণ পাহাড়পুরের গুরুত্ব ভুলে যাবে; ৩১. ক. পুণ্যকর্ম; ৩২. গ. জৈনদের; ৩৩. ক. কঠিন চীবর দান; ৩৪. গ. কঠিন চীবর দান; ৩৫. গ. যত্নসহকারে খাবার পরিবেশন করবে; ৩৬. গ. একজন দেশপ্রেমিক; ৩৭. ক. সমাজে সুখ-শান্তি থাকবে; ৩৮. স্বদেশপ্রেম; ৩৯. গ. মাগধী নিরুক্তি; ৪০. ক. ৪১টি; ৪১. ঘ. দেবদত্ত; ৪২. ঘ. জ্ঞানদাতা; ৪৩. ঘ. ক্ষণস্থায়ী; ৪৪. ক. তক্ষশিলা; ৪৫. ক. তাবতিংস স্বর্গে; ৪৬. খ. নরক; ৪৭. গ. অমিতোদন; ৪৮. ক. তক্ষশিলা; ৪৯. ক. পূর্বারাম; ৫০. খ. শ্রদ্ধার বলে।

২. ক. সাধনার জন্য আমি মধ্যম পন্থা অবলম্বন করব।

খ. সহানুভূতিশীল মনোভাব সৃষ্টির জন্য আমি সবার সাথে মৈত্রীপূর্ণ আচরণ করবো।

গ. আমি নিঃস্বার্থ ত্যাগ বা দানের মাধ্যমে প্রকৃত দান করব।

ঘ. খারাপ কাজ থেকে বিরত থাকব।

ঙ. ন্যায়তন্ত্র হচ্ছে সব মানুষের সকল প্রকার ন্যায় অধিকার। অর্থাৎ একটি দেশে সকল মানুষের সমান অধিকার থাকবে।

চ. খারাপ কাজ করলে সবাই নিন্দা করবে।

ছ. আমার বাবা অষ্টপরিষ্কার দান করতে চাইলে কমপক্ষে পাঁচ জন ভিক্ষুকে নিমন্ত্রণ করবেন।

জ. ৫৫০টি।

ঝ. শ্রাবস্তী।

ঞ. সকালে সংঘদান করা হয়।

ট. বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে গৌরাবোজ্জ্বল অধ্যায় হলো ১৯৭১ এর স্বাধীনতা সংগ্রাম।

ঠ. পালি ভাষা বা মাগধী ভাষা সমস্ত উত্তর ভারতের রাষ্ট্রভাষা ছিল।

ড. ত্রিরত্নকে প্রণাম করাকে ত্রিরত্ন বন্দনা বলে।

ঢ. গৌতম বুদ্ধ প্রবর্তিত ধর্ম হচ্ছে বৌদ্ধধর্ম।

ণ. রাজা বিম্বিসার মহাকোশলের কন্যাকে বিয়ে করেন।

http://teachingbd.com